# এপিএ টিমের সভার কার্যবিবরণী

সভার স্থান : শিক্ষক পরিষদ কক্ষ

তারিখ : ২২ নভেম্বর, ২০২১ খ্রি. রোজ সোমবার

সময় : বিকাল ৩:০০ টা

সভাপতি : প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম
অধ্যক্ষ ও টিম লিডার, এপিএ টিম
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

আলোচ্য বিষয় :

(১) এপিএ টিমের কার্যক্রম সম্পর্কে ব্রিফিং;
(২) এপিএ টিমে সদস্য অন্তর্ভুক্তি ও এপিএ টিমের সদস্যদের কর্মবন্টন;
(৩) মূল্যায়ণ কমিটি পুনগঠন;
(৪) বিবিধ।

এপিএ টিমের টিম লিডার ও কলেজ অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম-এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা জানান। তিনি এপিএ টিমের ফোকাল পয়েন্ট জনাব বিধান চন্দ্র রায়কে এপিএ টিমের পরবর্তী কার্যক্রম সম্পর্কে ব্রিফ করার অনুরোধ করেন।

জনাব বিধান চন্দ্র রায়, সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে এপিএ টিমের কার্যক্রমের উপর একটি ডিজিটাল প্রেজেন্টেশন প্রদর্শন করেন। সেখানে তিনি কলেজের বিগত ০৩ বছরের প্রধান অর্জনসমূহ তুলে ধরেন। সেখানে তিনি বিভিন্ন কোর্সে শিক্ষার্থী ভর্তি ও উপস্থিতির হার বৃদ্ধি পেয়েছে বলে অভিমত ব্যক্ত করেন। বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি বাস্তবায়ন, ভৌত অবকাঠামো উন্নয়ন, মাল্টিমিডিয়া ক্লাসরুম সংখ্যা বৃদ্ধি, বিভিন্ন ইনোভেটিভ কার্যক্রম বাস্তবায়ন, প্রশিক্ষণে উৎকর্ষ সাধন, কৌশল ও দক্ষতাভিত্তিক কর্মকান্ডের প্রসার, ICT Based কর্মকান্ডের পরিসর বৃদ্ধি, একাডেমিক বিভিন্ন টার্গেট অর্জন, পেশাগত মান উন্নয়নে In house Training এর উপর গুরুত্বারোপ করেন। তিনি কর্মসম্পাদনের জন্য বিভিন্ন কার্যসম্পাদন পরিকল্পনা, কর্মসম্পাদন সূচক এবং কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক সম্পর্কে সভাকে অবহিত করেন। সভায় উপস্থিত সকলে প্রেজেন্টেশনটি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করেন এবং বিফ্রিং-এ সন্তোষ প্রকাশ করেন।

২২/১১/২০২১
প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম
অধ্যক্ষ (আইডি নং-৮২২৫)
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।
টিম লিডার

২২/১১/২০২১
(ফোকাল পয়েন্ট, এপিএ টিম)

এরপর সভায় অধ্যক্ষ মহোদয় কতিপয় নির্দেশনা প্রদান করেন। তিনি পাঠদান অনুশীলনে ব্যবহৃত প্রতিফলন ডায়েরী যথাযথভাবে প্রণয়নের জন্য এপিএ'র প্রতিটি ত্রৈমাসিক প্রতিবেদন সঠিক সময়ে অন্তত ১০ দিন হাতে রেখে তৈরি করার নির্দেশনা দেন। তিনি কর্মসম্পাদনের যথাযথ ডকুমেন্টস সংগ্রহ ও সংরক্ষণের উপর জোর দেন।

সভায় ফোকাল পয়েন্ট জনাব বিধান চন্দ্র রায়, এপিএ কমিটি এবং কার্যক্রম মূল্যায়ন কমিটি পুনগঠনের প্রস্তাব করেন এবং তিনি মূল্যায়ন কমিটির কাজের পরিসর সভায় ব্যক্ত করেন।

সভায় কমিটির অন্যতম সদস্য জনাব বিপ্লব রহমান এপিএ টিমের সদস্যদের মধ্যে কর্মবন্টনের প্রস্তাব করেন।

বিস্তারিত আলাপ-আলোচনা প্রেক্ষিতে সভায় সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(১) এপিএ টিমে সদস্য হিসেবে জনাব মো: সাজ্জাদ হোসেন খান-কে অন্তর্ভুক্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) মূল্যায়ণ কমিটি পুনগর্ঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। জনাব মো: সাহেদুল আলম, সহকারী অধ্যাপক, জনাব পংকজ মন্ডল, সহকারী অধ্যাপকদ্বয়কে মুল্যায়ণ কমিটিতে অন্তর্ভুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) সভায় মূল্যায়ণ কমিটির নিম্নবর্ণিত কাজের পরিধি/পরিসর নির্ধারণ করা হয়;

(ক) বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় বাস্তবায়িত হয়েছে কিনা তা যাচাই করা;

(খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে কিনা তা যাচাই করা ;

(গ) অংশজনদের সাথে মতবিনিময় সভা যথাযথভাবে সংগঠিত হয়েছে কিনা তা যাচাই করা;

(ঘ) সিটিজেন চার্টার যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা তা যাচাই করা'

(ঙ) জাতীয় দিবসসমূহ যথাযথভাবে উদযাপন/পালন হয়েছে কিনা তার উপযোগিতা নিরুপন;

(চ) সহ-শিক্ষাক্রমিক কার্যাবলিসমূহ যথাযথভাবে সংগঠিত হয়েছে কিনা তা নিরুপন।

(৪) সভায় এপিএ টিমের সদস্যদের মধ্যে নিম্নোক্তভাবে কর্মবন্টনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ক) জনাব বিপ্লব রহমান একাডেমিক ও বিভিন্ন কোর্স সংক্রান্ত কাজের রিপোর্ট সংগ্রহ করবেন।

(খ) জনাব বিধান চন্দ্র রায়, স্টাফ কাউন্সিল, একাডেকি কাউন্সিল এবং Stakeholders মিটিং এর রেজুলেশন তৈরি এবং সংগ্রহ করবেন।

(গ) বিভিন্ন জাতীয় দিবস এবং সহ-শিক্ষাক্রমিক কার্যাবলির রিপোর্ট সংগ্রহ করবেন জনাব সৌরভ অধিকারী।

(ঘ) কলেজ শিক্ষকদের এপিএ সংক্রান্ত ০১ দিনের ওয়ার্কশপ এবং শিক্ষার্থীদের কলেজ Website পরিচিতির উপর ০১দিনের ওয়ার্কশপ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

২২/১১/২০২১
(ফোকাল পয়েন্ট, এপিএ টিম

২২/১১/২০২১
প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম
অধ্যক্ষ (আইডি নং-৮২২৫)
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।
টিম লিডার

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

এপিএ টিমের অগ্রগতি পর্যালোচনা সভা

তারিখ : ২২ নভেম্বর, ২০২১ খ্রি. সময়: বিকাল ০৩:০০ টা
স্থান : শিক্ষক পরিষদ কক্ষ

**সভায় উপস্থিতির স্বাক্ষরপত্র**

| ক্রমিক নং | নাম | পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | বিপ্লব রহমান | সহযোগী অধ্যাপক | 01711006385 | [signature] |
| ২ | প্রশান্ত মন্ডল | সহযোগী অধ্যাপক | 01759676025 | [signature] |
| ৩. | মো: সাহেদুল আলম | সহকারী অধ্যাপক | 01713914636 | [signature] |
| ৪ | দিলিপ কুমার বিশ্বাস | প্রভাষক | 01718-776611 | [signature] 22/11/2021 |
| ৫ | মো. সাজ্জাদ হোসেন খান | " | 01784-387419 | [signature] |
| ৬. | সৌরভ অধিকারী | " | 01783921724 | [signature] |
| ৭. | বিধান চন্দ্র রায় | ফোকাল পয়েন্ট | 01711-230016 | [signature] |

[signature]
22/11/2021
প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম
অধ্যক্ষ (আইডি নং-[illegible])
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।
টিম লিডার

[signature]
22/11/2021
(ফোকাল পয়েন্ট, এপিএ টিম)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

Web: ttc.khulna.gov.bd, E-mail: ttckhul@yahoo.com

স্মারক নং-টিটিকলেজ/খুলনা/২৪৯ তারিখ : ১৭/১১/২০২১ খ্রি.

**২১ থেকে ২৩ নভেম্বর, ২০২১ খ্রি. তারিখ পর্যন্ত কলেজের গুরুত্বপূর্ণ সভাসমূহের কর্মসূচি নিচে উল্লেখ করা হলো:**

| তারিখ, বার ও সময় | কর্মসূচির নাম | আয়োজক ও সভার স্থান | অংশীজন |
|---|---|---|---|
| ২১ নভেম্বর, ২০২১ খ্রি. রোজ রবিবার সকাল: ১০.০০ টা | সুশাসন প্রতিষ্ঠায় করণীয় নির্ধারণ | নৈতিকতা কমিটি<br>স্থান: কলেজ মিলনায়তন | (১) কলেজের শিক্ষক মন্ডলী;<br>(২) বিএড ২য় সেমিস্টার ২০২১ ব্যাচের প্রশিক্ষণার্থীবৃন্দ;<br>(৩) বিএড ২য় সেমিস্টার ২০২১ ব্যাচের প্রশিক্ষণার্থীবৃন্দের অভিভাবক;<br>(৪) কলেজের সংশ্লিষ্ট অফিস স্টাফ। |
| ২২ নভেম্বর, ২০২১ খ্রি. রোজ সোমবার সকাল: ১০.০০ টা | কলেজের ভৌত অবকাঠামো উন্নয়ন ও সংস্কার কমিটির যৌথসভা | ভৌত অবকাঠামো উন্নয়ন ও সংস্কার কমিটি<br>স্থান: অধ্যক্ষ কক্ষ | (১) অধ্যক্ষ মহোদয়;<br>(২) সংশ্লিষ্ট কমিটির সদস্যগণ;<br>(৩) শিক্ষক পরিষদের সম্পাদক;<br>(৪) হোস্টেল সুপারগণ;<br>(৫) সংশ্লিষ্ট অফিস স্টাফ। |
| বিকাল: ৩.০০ টা | কলেজের এপিএ টিমের কাজের অগ্রগতি পর্যালোচনা সভা | এপিএ টিম<br>স্থান: শিক্ষক পরিষদ কক্ষ | (১) সংশ্লিষ্ট কমিটির সদস্যগণ;<br>(২) সংশ্লিষ্ট অফিস স্টাফ। |
| ২৩ নভেম্বর, ২০২১ খ্রি. রোজ মঙ্গলবার সকাল: ১০.০০ টা | একাডেমিক কাউন্সিল সভা | একাডেমিক কাউন্সিল<br>স্থান: অধ্যক্ষ কক্ষ | (১) সংশ্লিষ্ট কমিটির সদস্যগণ;<br>(২) সংশ্লিষ্ট অফিস স্টাফ। |

১৭/১১/২০২১

(প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম)
অধ্যক্ষ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।